

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ০১

## ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের বদলি উপলক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময়

ময়মনসিংহ (১২ জুলাই, ২০২৩ খ্রি.):

ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনার মোঃ শফিকুর বিশ্বাসের বিদায় উপলক্ষ্যে আজ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন থেকে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

তিনি ০৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ থেকে প্রায় দুই বছর ময়মনসিংহ বিভাগের কমিশনার হিসেবে পালন করেন। দায়িত্বকালে ময়মনসিংহ বিভাগের চার জেলা: ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলার প্রশাসনিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানের মধ্য দিয়ে তিনি নিজ কর্মদক্ষতা পরিচয় রাখেন।

মতবিনিময় সভায় ইসলামিক ফাউন্ডেশন, শিক্ষা বিভাগ, শিক্ষা প্রকৌশল বিভাগ, প্রাণি সম্পদ বিভাগ, কাস্টমস বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সড়ক ও জনপথ বিভাগ ও আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কর্মকর্তাগণ বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে তাদের কর্মকালীন সহযোগিতার বিষয়ে স্মৃতিচারণ করেন। তারা কমিশনারের সময়ানুবর্তিতা, কর্মনিষ্ঠা, সমন্বয়, বিভিন্ন দপ্তরের কাজের সহযোগিতা ইত্যাদি বিষয়গুলো তুলে ধরেন।

ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য বিভাগীয় প্রশাসনের সাথে পুলিশের চমৎকার সম্পর্ক ছিল বলে মন্তব্য করেন। তিনি বলেন, এর ফলে ময়মনসিংহ বিভাগের আইন-শৃঙ্খলা পরিস্থিতি অনুকূলে রাখা সম্ভব হয়েছে।

মতবিনিময় সভায় বিভাগীয় কমিশনার ময়মনসিংহ বিভাগের কর্মকালীন সময় স্মৃতিচারণা করেন এবং নিজ অভিজ্ঞতা তুলে ধরেন। একইসঙ্গে কর্মকালীন বিভিন্ন দপ্তরে সহযোগিতার জন্য তিনি তাদের ধন্যবাদ জানান।

সংবর্ধনা অনুষ্ঠানে ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য, স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমদ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক এ, কে, এম শওকত ইসলাম, পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। কর্মকর্তারা বিদায়কালে বিভাগীয় কমিশনারের দীর্ঘায়ু ও পরিবর্তিত কর্মক্ষেত্রে সফলতা প্রত্যাশা করেন।

#

রেজভী/রিদওয়ান/মনির/দেওয়ান/সজিব/২০২৩/১৪.০০ ঘণ্টা